



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৪/মাধ্য-পরী/২০০০/ ১১৩১

তারিখ : ২৩.০২.২০১৭ খ্রি:

বিষয় : ২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার উত্তরপত্র এবং OMR প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার যে সকল প্রতিষ্ঠান ০৩/০৩/২০১৭ তারিখ কিস্তিতে বোর্ড এ উত্তরপত্র প্রেরণ করবেন, সেই সকল প্রতিষ্ঠান ২৬/০২/২০১৭, ২৭/০২/২০১৭, ২৮/০২/২০১৭, ০১/০৩/২০১৭ ও ০২/০৩/২০১৭ তারিখের OMR হাতে হাতে বোর্ডের ৪ নং ভবনের (৯ম তলায়) জমা দিতে হবে। যে সকল প্রতিষ্ঠান কিস্তির মাধ্যমে উত্তরপত্র প্রেরণ করেন না, সেই সকল প্রতিষ্ঠান পূর্বের ন্যায় ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

পরীক্ষার শেষে উত্তরপত্রের ন্যায় OMR সিল গালা করে থানা হেফাজতে মালখানায় রাখতে হবে। উল্লিখিত তারিখসমূহে থানার মালখানা থেকে (সময় উল্লেখপূর্বক) বের করে সিলগালা না ভেঙ্গে থানার সার্টিফিকেটসহ পুলিশ প্রহরায় নিরাপদ হেফাজতে তিনি নিজে অথবা কোন দায়িত্বপ্রাপ্ত শিক্ষক (পরীক্ষা পরিচালনা কমিটির সাথে সংশ্লিষ্ট) এর মাধ্যমে OMR বোর্ডের ৪ নং ভবনের (৯ম তলায়) জমা দিতে হবে।

তপন কুমার সরকার  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৬৯৮১৫, ৫৮৬১০০৭১

প্রাপক : কেন্দ্র সচিব

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা ২০১৭ এর সকল কেন্দ্র।